গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

"দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো-২য় পর্যায়)" প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা কার্যক্রমের পরামর্শকের কার্যপরিধি (ToR)

ক. প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো-২য় পর্যায়)**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
৪	প্রকল্পের অবস্থান	:	০৪টি বিভাগের ১৭টি জেলা এবং ৫৯টি উপজেলা

৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

৫.১	**অনুমোদিত ব্যয়** (লক্ষ টাকা)	:	**মূল**	**১ম সংশোধিত**	**২য় সংশোধিত**
	মোট	:	৩৪৬৫৫.০৭	-	-
	জিওবি	:	৩৪৬৫৫.০৭	-	-
	প্রকল্প সাহায্য	:	-	-	-

৫.২	**বাস্তবায়নকাল**	:	**মূল**	**১ম সংশোধিত**	**২য় সংশোধিত**	**ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি**
	শুরুর তারিখ	:	জুলাই ২০২১	-	-	-
	শেষের তারিখ	:	জুন ২০২৬	-	-	-

৬. প্রকল্পের উদ্দেশ্যঃ

পল্লী অঞ্চলের দরিদ্র, অসহায়, সুবিধা-বঞ্চিত ও বেকার মহিলাদের দারিদ্র্যতা হ্রাস এবং কিশোরীদের সঞ্চয়ে উৎসাহিতকরণসহ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের মাধ্যমে জীবন মানের উন্নয়ন। সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

- প্রশিক্ষণ ও ঋণ সহায়তা প্রাপ্ত সুফলভোগী সদস্যদের বার্ষিক গড় মাথাপিছু আয় জুন, ২০২৬ সনের মধ্যে ১০,০০০.০০ টাকা পর্যন্ত বৃদ্ধিকরণ;
- জুন, ২০২৬ সনের মধ্যে মহিলা সুফলভোগী সদস্যদের গড় মাথাপিছু ৩০০০.০০ টাকা এবং স্কুলগামী কিশোরীদের গড় মাথাপিছু ৫০০০.০০ টাকার নিজস্ব সঞ্চয় তহবিল সৃষ্টি করা;
- সচেতনতা বৃদ্ধি এবং সঞ্চয় প্রণোদনা প্রদানের মাধ্যমে প্রকল্পভুক্ত স্কুলগামী কিশোরীদের শতভাগ বাল্যবিবাহ প্রতিরোধকরণ;
- ১০০ জন প্রশিক্ষণার্থীর আবাসিক সুবিধা বৃদ্ধিসহ নোয়াখালী পল্লী উন্নয়ন প্রশিক্ষন কেন্দ্রের সক্ষমতা বৃদ্ধিকরণ।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- সমিতি গঠন - ৪৭২০টি;
- সদস্য অন্তর্ভুক্ত – ১,২৯৮০০ জন;
- সঞ্চয় - ৪৬৫৬.০০ লক্ষ টাকা;
- প্রশিক্ষণ - ৪৪৫৪০ জন;
- কিশোরী প্রশিক্ষণ - ১১৮০০ জন;
- ক্ষুদ্র ঋণ বিতরণ - ১৭৪১০.০০ লক্ষ টাকা;
- উদ্যোক্তা ঋণ বিতরণ - ৪৪২৫.০০ লক্ষ টাকা।

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৮.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৮.১ প্রকল্পের বিবরণ (পটভুমি, উদ্দেশ্য, অনুমোদনের অবস্থা, অর্থায়নের বিষয়, প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতা ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা,

৮.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় এবং প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা। এছাড়া ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগফ্রেমের আলোকে আউটপুট পর্যায়ে অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রাতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন)

৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগৃহিতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৮.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য (আসবাবপত্র, মোটরযান,অফিস ও কম্পিউটার সরঞ্জামাদি) , কার্য (৬ তলা হোস্টেল ভবন নির্মাণ, রাস্তা, ড্রেন, গার্ডশেড ও মূল প্রবেশদ্বার নির্মাণ) ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেশিফিকেশন/BoQ/ToR, গুণগতমান পরিমান অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ। (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়।

৮.৭ প্রকল্পের ঝুঁকি অর্থ্যাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষন;

৮.৮ প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন সম্ভব কিনা সে বিষয়ে মাঠ পর্যায় হতে প্রাইমারী ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনিদিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৮.৯ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা;

৮.১০ প্রকল্পের ৪৭২০টি সমিতির মধ্যে কতটি সমিতি গঠন করা হয়েছে ও ডিপিপি'র রুপরেখা অনুযায়ী সমিতি গঠন করা হয়েছে/হচ্ছে কিনা এবং ১,২৯,৮০০ জন উপকারভোগীকে সংগঠিত করার বিপরীতে কত জনকে সংগঠিত করা হয়েছে তা সবিস্তারে বিশ্লেষণ এবং তাদের কার্যকারিতা পর্যালোচনা;

৮.১১ ১৭৪১০.০০ লক্ষ টাকা ক্ষুদ্র ঋণ ও ৪৪২৫.০০ লক্ষ টাকা উদ্যোক্তা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের কার্যক্রম বিশ্লেষণ। ঋণবিতরণ নীতিমালা অনুসরণ পর্যালোচনা ও বিশ্লেষণ;

৮.১২ ডিপিপি'র ৪৬৫৬.০০ লক্ষ টাকা সঞ্চয় তহবিল গঠনের লক্ষ্যমাত্রার বিপরীতে কত টাকার তহবিল গঠন করা হয়েছে এবং সঞ্চয় ব্যবহারের হার পর্যালোচনা;

৮.১৩ ৪৪৫৪০ জন সুফলভোগী/কর্মচারী ও ১১৮০০ জন কিশোরী প্রশিক্ষণের মধ্যে কত জনের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে এবং প্রশিক্ষণপ্রাপ্তদের দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র উদ্যোক্তা তৈরী, আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও সচেতনতা বৃদ্ধিতে প্রশিক্ষণের কার্যকারিতা পর্যালোচনা;

৮.১৪ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (exit plan) করার লক্ষ্যে মতামত প্রদান;

৮.১৫ প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT বিশ্লেষণ; এক্ষত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দূর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দুর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৮.১৬ প্রকল্পের এক্সটারনাল ও ইন্টারনাল অডিটের বিষয়ে বিস্তারিত বিশ্লেষণ;

৮.১৭ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্তি তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্তি মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৮.১৮ যেসব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করা হবে তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

৮.১৯ প্রকল্প ব্যবস্থাপনা: প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৮.২০ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৯.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান	-	● প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার-	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান অনুষদ অন্তর্ভুক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার	● ক্ষুদ্র ঋণ ব্যবস্থাপনায় ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ● সমধর্মী গবেষণায় ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; ● কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে; ● পিপিএ ২০০৬, পিপিআর ২০০৮ এবং অন্যান্য আর্থিক বিধি বিধান সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে; ● প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে ; এবং ● উপস্থাপনা দক্ষতা (Presentation Skill)
	খ) ক্ষুদ্র ঋণ বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ফিন্যান্স/হিসাব বিজ্ঞান/ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	● ক্ষুদ্র ঋণ সংক্রান্ত কাজে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ● প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে বিশেষ দক্ষতা, প্রতিবেদন প্রণয়নে দক্ষতা;
	গ) আর্থ-সামাজিক ও প্রশিক্ষণ বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/ অর্থনীতি/সমাজবিজ্ঞান/ ব্যবসা প্রশাসন বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● আর্থ-সামাজিক বা সমজাতীয় কাজে অভিজ্ঞতা; ● প্রশিক্ষণের ওপর ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে (ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি) কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; ● বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

১০.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	

১১.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন, ডিপিপি);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগিতা প্রদান, ইত্যাদি।